


রশীদ জামীল

# পাগলের মাথা খারাপ

# পাগলের মাথা খারাপ

রশীদ জামীল

কালান্তর প্রকাশনী

প্রথম প্রকাশ : একুশে বইমেলা ২০২৩

© : লেখক

মূল্য : ৳ ২২০, US $ 12, UK £ 8

প্রচ্ছদ : কাজী সাফওয়ান

প্রকাশক

**কালান্তর প্রকাশনী**

বশির কমপ্লেক্স, ২য় তলা, বন্দরবাজার

সিলেট। ০১৭১১ ৯৮৪৮২১

**ঢাকা বিক্রয়কেন্দ্র**

ইসলামী টাওয়ার, ১ম তলা, বাংলাবাজার

ঢাকা। ০১৩১২ ১০ ৩৫ ৯০

বইমেলা পরিবেশক

**নহলী**, বাড়ি-৮০৮, রোড-১১, অ্যাভেনিউ-৬

ডিওএইচএস, মিরপুর, ঢাকা-১২১৬

অনলাইন পরিবেশক

**রকমারি, রেনেসাঁ, ওয়াফি লাইফ**

মুদ্রণ : বোখারা মিডিয়া

bokharasyl@gmail.com

ISBN : 978-984-96950-7-3

**Pagoler Matha Kharap**

**by Rashid Jamil**

Published by

**Kalantor Prokashoni**

+88 01711 984821

kalantorprokashoni10@gmail.com

fb.com/kalantorprokashonisyl

**www.kalantorprokashoni.com**

---

**All Rights Reserved**

No part of this publication may be reproduced, distributed, or transmitted in any form or by any means without the prior written permission of the publisher, except in the case of brief quotations embodied in critical reviews and certain other noncommercial uses permitted by copyright law.

# উৎসর্গ

**মিনহাজ**

ছেলেটিকে এখনো কোলে নেওয়া হয়নি।

ছেলেটিকে কখনো কোলে নেওয়া হবে না!

# প্রকাশকের কথা

আমরা শুধু সমালোচনাই করে গেলাম। বকওয়াসবাজদের লাইনে আনা এবং নিজেদের তৈরি করা, দুটির একটি কাজও করতে চাইলাম না। বিভিন্ন সময় এরা উলটাপালটা বকল আমরা শুধু মিছিলই করলাম। তাদের আরও পপুলারিটি পাইয়ে দিলাম।

তবে আশাবাদী হওয়ার মতো চমৎকার একটা অবস্থা এখন তৈরি হয়ে গেছে। আলিম লেখকদের অনেকেই লেখালেখিতে নিজেদের অবস্থান তৈরি করে নিয়েছেন। নতুনরাও এগোচ্ছে। তাদের পাশে দাঁড়ালে জাফর ইকবালদের নিয়ে আর ভাবতে হবে না। প্রতিবাদেরও দরকার হবে না। বিস্মৃতদের নিয়ে কেউ মাথা ঘামায় না। যেমন তসলিমা নাসরিন।

আমরা যদি কথার জবাব কথা দিয়ে এবং লেখার জবাব লেখা দিয়ে দিতে শিখে যাই, তাহলে আবার আমরা ফিরে পাব সেই জায়গা—একদা যেটা আমাদের ছিল।

সময় নষ্ট করার মতো সময় আর নেই। শুরু হোক সুন্দরের পথচলা।

এই সংস্করণে কিছু বানান সংশোধন করা হয়েছে। এ ছাড়া উল্লেখযোগ্য কোনো পরিবর্তন হয়নি। তবে নতুন করে বিন্যাস করা হয়েছে। এতে বইয়ের সৌন্দর্য বাড়বে আশা করি।

**আবুল কালাম আজাদ**
প্রকাশক
কালান্তর প্রকাশনী

# সূচিপত্র


| | |
|---|---|
| **ভূমিকা** | ১৩ |
| **নামকরণ** | ১৫ |
| **বঞ্চিত স্বাধীনতা** | ১৭ |
| **'মুহম্মদ' জাফর ইকবাল** | ১৮ |
| প্রথম মোলাকাত | ১৯ |
| **জাফরনামা** | ২২ |
| চাপার জোরে ভাপা ভাজি | ২৩ |
| জাফর ইকবাল কি নাস্তিক | ২৪ |
| ব্রেইনওয়াশ | ২৬ |
| **নাস্তিকতা কাকে বলে** | ২৯ |
| **নাস্তিকতা : খাঁটি-ভেজাল** | ৩১ |
| **সেক্টর কমান্ডার (শূন্য) পদে নিয়োগ** | ৩৩ |
| **স্যারের কাছে জিজ্ঞাসা** | ৩৫ |
| ভূতের বাচ্চা... | ৩৬ |
| **নাম** | ৩৭ |
| নামের প্রতিক্রিয়া | ৩৭ |
| নামের প্রভাব | ৩৮ |
| নাম নিয়ে ন্যাকামো | ৩৯ |
| নাম এবং অসাম্প্রদায়িকতা | ৪০ |
| ভূতের বাচ্চা সুলায়মান | ৪১ |

**নবিসম্রাট সুলায়মান : সালতানাতে সুলায়মানি** ৪২
সুলায়মান ৪৩
সালতানাতে সুলায়মানি ৪৩
এত ক্ষমতা; কিন্তু কত ক্ষমতা ৪৫
বিচারিক প্রজ্ঞা ৪৭
সাম্রাজ্যের দরখাস্ত ৪৭
বিলকিস, হুদহুদ ও সুলায়মান ৪৮
নবি সুলায়মানকে কিছু অপকথা ৫৩
ইনতিকাল এবং বায়তুল মাকদিস নির্মাণ ৫৫
শিক্ষা ৫৬

**সুশীলগিরি** ৫৭
সুশীল মানে কী ৫৮
মোনায়েমি স্টাইল ৫৯
মুক্তচিন্তা : বড় আজিব এক চিজ ৬০
যখন ব্লগার ছিলাম ৬০
বখাটে মরলেই ব্লগার হয় ৬১
অতি প্রগতিবাজি ৬২
চেটে খাওয়া সেই চেতনা ৬২
সাংবিধানিক কোপ ৬৩
এটা-ওটা-সেটা ৬৪
উসকানিবাজি ৬৫
মউতের ফেরেশতা ৬৫
ঔদার্যের তীর্থভূমি ৬৬
পাগল আর মাথা খারাপে পার্থক্য ৬৭

**আই অ্যাম জিপিএ ফাইভ** ৬৯

**শিক্ষা কাকে বলে** ৭৩
তবু তারা আধুনিক; মাদরাসাওলারা গোঁড়া ৭৩
আঙুলবাজি ৭৪

**চেইন অব ডিমান্ড** **৭৭**

**বাঁচতে হলে জাগতে হবে** **৮২**

তারা কারা ৮২
কী ঘটেছে ৮৩
কার কী করণীয় ৮৪
শেষকথা ৮৮

**সময়ের ওপাশে কারা** **৮৯**

বিভাজন বিভাজন খেলা ৮৯
মাটির দাবি ৯০
ব্রেইন ডেমেজ ৯১
যদি, কিন্তু এবং সুতরাং ৯১
জাতীয়তা : মাটীয়তা ৯২
সন্ত্রাসীর একটাই পরিচয়—সন্ত্রাসী ৯৩
জাগতে হবে একসঙ্গে ৯৪
মাননীয় মণ্ডলী ৯৪

**জঙ্গিবাদ দমনে জিরো টলারেন্স** **৯৬**

স্বাধীনতার মানে ৯৬
মনে আছে সেই রাখাল ছেলে ৯৭
গবেষণাবাজি ৯৮
তাহলে উপায় ৯৮
আসুন অঙ্কের খাতা নিয়ে বসি ৯৯
কী করতে হবে ১০০

**ভণ্ডবাদ নিপাত যাক** **১০১**

ভার্সিটির ড্রেসকোড ১০১
মুক্তচিন্তা মানে ধর্ম আক্রমণ হবে কেন ১০২
বাঁচতে হলে মরতে হয় ১০৩
এক দেশে এক রানি ছিল ১০৩

**আত্মবিস্মৃতি** **১০৫**
তাঁরা ও আপনারা ১০৬
তবু বলি ১০৭
দায়ছাড়া দায়িত্ব ১০৭

**সুবিধাবাদী লেখক ও বোবা শয়তানের গল্প** **১০৯**
সুবিধা অসুবিধা এবং বে-সুবিধা ১১০
লেখকের আয়না ১১২
জি হুজুর, ইয়েস স্যার ১১৩
আস্তিক নাস্তিক এবং স্বস্তিক ১১৪
তথাস্তু ১১৬
মাতালের তারা দেখা ১১৭

**কী পড়ব কেন পড়ব** **১১৯**
কী পড়ব ১২০
ফরমাবরদারি ১২০
এবার বলি আসল খবর ১২১
ঘাট পেরোলে... ১২২
ও বন্ধু কেমন আছ ১২২
পাঠক থেকে লেখক বেশি ১২৩

# ভূমিকা

কেউ যদি বিজ্ঞান নিয়ে একটা বই লিখে আর বইয়ের নাম দেয় 'ভূতের বাচ্চা আইনস্টাইন'! কেউ যদি দর্শন নিয়ে বই লিখে আর নাম দেয় 'হনুমানের বাচ্চা সক্রেটিস'! অবশ্যই সেটা অ্যাক্সেপ্টেবল না। কারণ, নামগুলো স্ব স্ব ক্ষেত্রে একেকটি ব্র্যান্ড হয়ে গেছে।

কোনো পণ্ডিত যদি রাজনীতি নিয়ে বই লিখে বইয়ের নাম দিয়ে দেয় '...র বাচ্চা জিয়া', তাহলে ভাঙা কোমর নিয়ে হামাগুড়ি দিয়ে হলেও বিএনপির লোকজন রাস্তায় বেরিয়ে আসতে চেষ্টা করবে। আর কোনো কারণে এবং অকারণেই '..র বাচ্চা শেখ মুজিব' নাম দিলে তো আর হয়েছেই। লেখকের চৌদ্দগোষ্ঠীর খবর আছে।

নামে কিছুই যায় আসে না আবার অনেক কিছুই যায় আসে। তাই যে যুক্তিতে ভূতের বাচ্চা আইনস্টাইন/সক্রেটিস/জিয়া/মুজিব বলা অমার্জনীয় ধৃষ্টতা হবে, সেই যুক্তিতে; বরং তারচেয়েও শক্তিশালী যুক্তিতে ভূতের *বাচ্চা সুলায়মান* বলাটাও অমার্জনীয় ধৃষ্টতার শামিল— *পাগলের মাথা খারাপ* বইটি এই প্রেক্ষাপটেই রচিত।

# নামকরণ

বইয়ের নাম ঠিক করেছিলাম *ভূতের বাচ্চা মীরজাফর*। ভেবে দেখলাম নামটি কঠিনভাবে ডাইভার্ট হয়ে যেতে পারে। তারপর ভাবলাম নাম দিই *ছাগলের বাচ্চা হনুমান*। এই নামটিও অ্যাটাকিং মনে হলো। বইয়ের নাম হিশেবে ঠিক পারফেক্ট না। শেষমেশ নাম ঠিক করা হলো *পাগলের মাথা খারাপ*। নামটি আমার পছন্দ হয়েছে।

২.

'পাগলের মাথা খারাপ'—মানে কী! পাগলের কি আবার মাথা ঠিক থাকে নাকি? মাথা খারাপ বলেই তো সে পাগল! শুরুতেই মাথা খারাপ করে লাভ নেই। আপাতত বেইসিক পার্থক্যটা জেনে রাখা যাক। সব মাথাখারাপই পাগল; কিন্তু সব পাগলের মাথা খারাপ থাকে না।

৩.

এখানে 'পাগল' বলতে বিশেষ কোনো ব্যক্তিকে উদ্দেশ করা হয়নি। কেউ কারও সঙ্গে মিলিয়ে ফেললে অথবা সংশ্লিষ্ট কারও সঙ্গে গুলিয়ে ফেললে লেখকের কিছু করার নেই। পাগলের মাথা খারাপে পাগল বিশেষ কেউ না, আবার তারা সকলেই—যারা পাগলামি করেন।

৪.

*পাগলের মাথা খারাপ* বইটি ডক্টর জাফর ইকবালের বিতর্কিত নামকরণে দূষিত বই *ভূতের বাচ্চা সুলায়মান*-এর প্রেক্ষাপটে রচিত। কিন্তু এটাও ভাবার দরকার নেই যে, এটি জাফর ইকবালের বইয়ের কাউন্টার হিশেবে লেখা। বিতর্কিত বই *ভূতের বাচ্চায়* জবাব দেওয়ার মতো আপত্তিকর তেমন কিছু আমার চোখে পড়েনি। সমস্যা হলো নামে। সে দিকটাই আলোচনায় নিয়ে আসা হয়েছে।

৫.

বৃক্ষ তোমার নাম কী?

বিষে পরিচয়!

*নামের নামতা যদি সাত্ত্বিক সমতায়*
*হয়ে যায় ভৌতিক ধারাপাত,*
*ভেসে যাবে ফেঁসে যাবে শূন্যে উসকানিজীবী,*
*ভেঙে যাবে সবগুলো বিষদাঁত।*